

নম্বর ৩৫.০৩.০০০০.০০৩.৯৯.০০১.১৯.৩২৮

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮

০৯ আগস্ট ২০২১


গণপরিবহন চলাচল সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি।

বিষয়: ১১ আগস্ট ২০২১ তারিখ হতে গণপরিবহন চলাচল সংক্রান্ত।

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের পরিস্থিতি বিবেচনায় মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ জুলাই ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২২৮ ও ৮ আগস্ট ২০২১ তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২৭৬ নং পত্রের অনুবৃত্তিক্রমে এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ১৩ জুলাই ২০২১ তারিখের ৩৫.০০.০০০০.০০৮.১৮.০০৪.১৫-৭৬২ নং পত্রের ধারাবাহিকতায় ৮ আগস্ট ২০২১ তারিখের ৩৫.০০.০০০০.০০৮.১৮.০০৪. ১৫-৭৬৬ ও ৯ আগস্ট ২০২১ তারিখের ৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-২৪৩ নং পত্রের নির্দেশনা মোতাবেক আগামী ১১ আগস্ট ২০২১ তারিখ হতে নিম্নোক্ত শর্তাদি প্রতিপালন সাপেক্ষে গণপরিবহন চলাচল করতে পারবে:

- (ক) আসন সংখ্যার অতিরিক্ত কোনো যাত্রী পরিবহন করা যাবে না এবং দাঁড়িয়ে কোনো যাত্রী বহন করা যাবে না। সড়ক পথে গণপরিবহন চলাচলের ক্ষেত্রে স্থানীয় প্রশাসন (সিটি কর্পোরেশন এলাকায় বিভাগীয় কমিশনার ও জেলা পর্যায়ে জেলাপ্রশাসক) নিজ নিজ অধিক্ষেত্রের আইনশৃঙ্খলা বাহিনী, সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থা, মালিক ও শ্রমিক সংগঠনের সঙ্গে আলোচনা করে প্রতিদিন মোট পরিবহন সংখ্যার অর্ধেক চালু করতে পারবে;
- (খ) পূর্বের ভাড়া (৬০% বর্ধিত ভাড়া প্রযোজ্য হবে না) গণপরিবহন চলবে। পূর্বের ভাড়ার অতিরিক্ত ভাড়া কোনোভাবেই আদায় করা যাবে না;
- (গ) গণপরিবহনের যাত্রী, চালক, সুপারভাইজার/কন্ডাক্টর, হেল্পার-কাম ক্লিনার এবং টিকেট বিক্রয় কেন্দ্রের দায়িত্বে নিয়োজিত ব্যক্তিগণের মাস্ক পরিধান/ব্যবহার নিশ্চিত করতে হবে এবং তাদের জন্য প্রয়োজনীয় হ্যান্ড স্যানিটাইজারের ব্যবস্থা রাখতে হবে;
- (ঘ) যাত্রার শুরু ও শেষে যানবাহন পরিষ্কার-পরিচ্ছন্নসহ জীবাণুনাশক দিয়ে জীবাণুমুক্ত করতে হবে। এছাড়াও যানবাহনের মালিকগণকে যাত্রীগণের হাতব্যাগ, মালপত্র জীবাণুনাশক ছিটিয়ে জীবাণুমুক্ত করার ব্যবস্থা করতে হবে; এবং
- (ঙ) গণপরিবহনে স্বাস্থ্যবিধি সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় বিষয়াদি মেনে চলতে হবে। অন্যথায়, সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এ আদেশ বলবৎ থাকবে।



৯-৮-২০২১